শৈলকুপায় মোটরসাইকেলের ধাক্কায় পথচারী নিহত

ঝিনাইদহের শৈলকুপায় মোটরসাইকেলের ধাক্কায় ছবেদ আলী (৭০) নামের এক পথচারী নিহত হয়েছে।

আজ সোমবার (২ডিসেম্বর) সকালে উপজেলার ভান্ডারিপাড়া গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত ছবেদ আলী উপজেলার ভান্ডারীপাড়া গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, বৃদ্ধ ছবেদ আলী বাড়ির পাশের স্কুলে নাতিকে পৌঁছে দিয়ে বাড়ি ফিরছিলেন। পথে বাড়ির সামনে পৌঁছালে ওই সড়কে চলা একটি দ্রুত গতির মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মেহেরপুরে পাখিভ্যানের সাথে মোটরসাইকেলের ধাক্কা নিহত ১

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও পাখি ভ্যানের মুখোমুখি সংঘর্ষে স্বামী হেলাল উদ্দিন (২৬) নিহত হয়েছেন। আহত হয়েছেন তার স্ত্রী ও শ্যালক।

আহতরা হলেন, হেলাল উদ্দিনের স্ত্রী জুই খাতুন ও শ্যালক জীবন আলী।

নিহত হেলাল উদ্দিন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার মোড়ভাঙ্গা গ্রামের বাসিন্দা ও গাংনী উপজেলার আকুবপুর গ্রামের আব্দুল জলিলের জামাতা।

আজ রবিবার (১৪ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ৮টার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত হেলালের চাচা শ্বশুর জিয়াউদ্দিন বলেন, হেলাল উদ্দিন তার স্ত্রী জুই ও শ্যালক জীবন আলী শ্বশুরবাড়ি খেয়ে এক মোটরসাইকেলে তিনজন তার নিজ গ্রামে মোড়ভাঙ্গাতে যাচ্ছিলেন। শুকুরকান্দি নামক স্থানে গিয়ে বামের রাস্তার নামার সময় ইঞ্জিন চালিত পাখি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে রাস্তার উপর লুটিয়ে পড়ে ঘটনাস্থলেই মারা যায় হেলাল উদ্দিন। এসময় গুরুতর আহত হন তার স্ত্রী জুই ও শ্যালক জিবন আলী। তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়েছেন।

গাংনী থানার (তদন্ত) অফিসার মনোজিৎ কুমার নন্দী বলেন, দুর্ঘটনার সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এখনো লিখিত কোনো অভিযোগ পাওয়া যায়নি। নিহতের মরদেহ উদ্ধার প্রক্রিয়া চলছে। পরবরর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে মোটরসাইকেলের ধাক্কায় শ্রমিক নিহত

মুজিবনগর উপজেলার বল্লভপুরে রাস্তা পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় ইন্নাল হক (৪৮) নামের এক শ্রমিক নিহত হয়েছেন।

সোমবার দুপুর দেড়টার দিকে বল্লভপুর গ্রামের কেদারগন্জ দর্শনা সড়কের বল্লভপুর সিনেমা হল নামক স্হানে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইন্নাল হক রামনগর গ্রামের নবিছদ্দিনের ছেলে। তিনি একটি বালুগাদায় শ্রমিকের কাজ করতেন।

স্থানীয়রা জানান,বল্লভপুর গ্রামের সনি এর বালুগাদায় কাজ শেষে রাস্তার ওপারে দাড়িয়ে মোবাইল ফোনে কথা বলছিলেন। কথা শেষ করে রাস্তা পার হওয়ার সময় ওরিয়ন ঔষধ কোম্পানির এমআর শাহরিয়ার এর মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন ইন্নাল। তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে তার মৃত্যু হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নাজমুস সাকিব জানান, হাসপাতালে আসার আগেই তাঁর মৃত্যু হয়েছে। তিনি মাথায় আঘাত পেয়েছিলেন। অতিরিক্ত রক্তক্ষরণে মৃত্যু হয়েছে বলে তিনি প্রাথমিকভাবে ধারণা করছেন।

ঘটনার সত্যতা স্বীকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত জানান, ঘটনা স্হলে পুলিশ পাঠানো হয়েছিল। তারা ঘটনাস্থল পরিদর্শন করেছে। মৃত ব্যক্তির পরিবারে পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে। দুর্ঘটনা ঘটানো মোটরসাইকেলটি বর্তমানে থানা হেফাজতে আছে।

আলমডাঙ্গায় বৈদ্যুতিক খুঁটির সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা, প্রাণ গেল চালকের

বৈদ্যুতিক খুঁটির সঙ্গে ধাক্কা খেয়ে এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। আজ রোববার বিকেল পাঁচটার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের ডম্বলপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মোটরসাইকেলচালকের নাম শহিদুল ইসলাম (৪৫)। তিনি উপজেলার আইলহাঁস ইউনিয়নের হাড়কান্দি গ্রামের মৃত দাউদ আলী বিশ্বাসের ছেলে। তিনি পেশায় একজন কীটনাশক কোম্পানির সিনিয়র মার্কেটিং অফিসার পদে দায়িত্বরত ছিলেন। তারা চার ভাইয়ের মধ্যে তিনি সবার ছোট।

আইলহাঁস ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য সুজন আলী বলেন, নিহত শহিদুল ইসলাম রাজবাড়ি জেলার পাংশা থানাধীন অটো ক্রপ কেয়ার লিমিটেড কোম্পানিতে তিনি সিনিয়র মার্কেটিং অফিসার পদে দায়িত্বে ছিলেন।

রবিবার কুষ্টিয়ায় মিটিং শেষে মোটরসাইকেল যোগে নিজ বাড়িতে ফেরার পথে ডম্বলপুর নামক এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে ধাক্কা খেয়ে সে গুরুত্বর আহত হন। স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় একজন নিহত হয়েছে। তার বাড়িতে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট সংগ্রহণের প্রস্তুতি চলছে।

কুষ্টিয়ায় মোটরসাইকেলের ধাক্কায় শিক্ষার্থী নিহত

কুষ্টিয়ার মিরপুরে বাইসাইকেলে করে প্রাইভেট পড়তে যাওয়ার পথে মোটরসাইকেলের ধাক্কায় সিয়াম আহমেদ পমন (১৬) নামে এক এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়া-ভেড়ামারা সড়কের বহলবাড়ীয়া সাতমাইল নামক স্থানে এ ঘটনা ঘটে।

নিহত সিয়াম আহমেদ পমন মিরপুর উপজেলার বহলবাড়ীয়া ইউনিয়নের সাহেবনগর গ্রামের মিজানুর রহমান মিলনের ছেলে।

ঘটনাস্থল থেকে স্থানীয় জাসদ নেতা সাইদুর রহমান মন্টু বলেন, নিহতের বাবা মিলন মিরপুর উপজেলা যুবলীগের সহসভাপতি। তার একমাত্র ছেলে পমন সেখানকার বহলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র। সামনে এসএসসি পরীক্ষা তাই প্রতিদিনের মতো বহলবাড়িয়া বাজারে প্রাইভেট শিক্ষকের কাছে পড়তে যাচ্ছিল। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন যাওয়ার পথে সাতমাইল মোড়ের ওপর সাইকেল নিয়ে দাঁড়িয়ে ছিলেন পমন। এমন সময় পিছন দিক থেকে দ্রুতগামী একটি মোটরসাইকেল এসে ধাক্কা দিলে পড়ে যায় পমন।

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [

মারাত্মক আহত হন। তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় পথের মধ্যে মারা যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গায় ট্রাফিক সার্জেনের মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধার মৃত্যু

চুয়াডাঙ্গা ট্রাফিক পুলিশের সার্জেন সেলিমের মোটরসাইকেলের ধাক্কায় সুফিয়া খাতুন (৮০) নামে এক বৃদ্ধা নিহতের ঘটনা ঘটেছে।

শুক্রবার দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা শহরের কোর্ট মোড়ের কাছে ১ নাম্বার পানির ট্যাঙ্কের নিকটে এ দূর্ঘটনা ঘটে। পরে ওই বৃদ্ধাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হলে কিছুক্ষন পরে মৃত্যু হয় তার।
বৃদ্ধা সুফিয়া খাতুন চুয়াডাঙ্গা শহরের সাদেক আলী মল্লিকপাড়ার মৃত. আব্দুল মজিদের স্ত্রী।

নিহত সুফিয়া খাতুনের বোনের মেয়ে সাজিদা খাতুন বলেন, প্রায় ৮ মাস পূর্বে আমার খালা সুফিয়া খাতুনের চোখ অপারেশন করা হয়েছিল। এরপর থেকে চোখে কম দেখতেন। আমি রাস্তার একপাশে দাঁড়িয়ে ছিলাম। আমার খালা রাস্তা পার হয়ে আমার কাছে আসছিলেন। এ সময় রাস্তা পারপারের সময় পুলিশের সার্জেন সেলিমের মোটরসাইকেলে ধাক্কা লেগে রাস্তায় ছিটকে পড়ে যান। পরে ওই পুলিশ আমার খালাকে কোলে করে নিয়ে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কিছুক্ষন পর খালার মৃত্যু হয়।

তিনি আরও বলেন, পুলিশের মোটরসাইকেলের গতি খুবই কম ছিল। আমার খালা চোখে কম দেখতেন বলে এঘটনা ঘটে। এ বিষয়ে আমাদের কোন অভিযোগ নেই। বিনা ময়নাতদন্তে আমরা মরদেহ নিয়ে যেতে চায়।

জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. নূর জাহান রুমি বলেন, সড়ক দূর্ঘটনা আহত অবস্থায় ওই বৃদ্ধাকে জরুরি বিভাগে নিয়ে আসলে কিছুক্ষন পর তার মৃত্যু হয়। মাথায় অতিরিক্ত আঘাতের ফলে তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

মরদেহের সুরতহাল প্রস্তুতকারি চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) হাসানুজ্জামান বলেন, ওই বৃদ্ধা চোখে কম দেখতেন। রাস্তা পারাপারের সময় ট্রাফিক পুলিশের সার্জেন সেলিমের মোটরসাইকেলে ধাক্কা লেগে আহত হন তিনি। হাসপাতালে নেয়ার পর বৃদ্ধা মারা যায়। অভিযোগ না থাকায় আবেদনের পরিপ্রেক্ষিতে মরদেহের সুরতহাল প্রতিবেদন শেষে পরিবারের নিকট হস্তান্তরের প্রক্রিয়া চলবে বলেও জানান তিনি।

মুজিবনগরের সড়ক দুর্ঘটনায় শিক্ষক আহত

মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে অগ্রণী ব্যাংকের সামনে রাস্তা পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কা মোনাখালী ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর সহকারী শিক্ষক আল-আমিন হোসেন গুরুতর আহত হয়েছেন।

সোমবার বেলা ১২ টার দিকে আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম ও সহকারি শিক্ষক আল-আমিন হোসেন কেদারগঞ্জ মেহেরপুর সড়কের পূর্ব দিক থেকে পশ্চিম দিকের অগ্রণী ব্যাংকে যাওয়ার উদ্দেশ্যে রাস্তা পার হওয়ার সময় দ্রুতগতির একটি নীল রঙের ৪ভি মোটরসাইকেল সজোরে ধাক্কা মারলে প্রধান শিক্ষক আব্দুস সালাম বেঁচে গেলেও মারাত্মকভাবে আহত হন সহকারি শিক্ষক আল-আমিন হোসেন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক বলেন, তার ডান পা মারাত্মক ভাবে ভেঙ্গে গেছে। উন্নত চিকিৎসার জন্য তাকে দ্রুত রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

দুর্ঘটনা পর মোটরসাইকেল চালক মেহেরপুর সদর উপজেলার সাহেবপুর গ্রামের রতন মটরসাইকেলটি রেখে পালিয়ে যায়। স্থানীয় জনতা মোটরসাইকেলটি আটক করে শিবপুর হাই স্কুলের হেফাজতে নেয়। পরবর্তীতে মুজিবনগর থানা পুলিশ শিবপুর হাই স্কুল থেকে মোটরসাইকেলটি তাদের হেফাজতে নিয়েছে।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল জানান দুর্ঘটনার বিষয়টি তিনি শুনেছেন এবং মোটরসাইকেলটি হেফাজতে নিয়েছেন এ বিষয়ে অভিযোগ দায়ের হলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।